

নম্বর ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২১.১৬৫০

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৮

১২ ডিসেম্বর ২০২১

সভার নোটিশ

এ কার্যালয়ের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর সংযোজনী-৪ এ উল্লিখিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ১.৩ সূচক অনুযায়ী 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন (Stakeholders)-এর অংশগ্রহণে ২য় ত্রৈমাসিক সভা আগামী ১৪/১২/২০২১ খ্রি. বেলা ২.৩০ টায় ভার্চুয়াল প্ল্যাটফর্ম (জুম) -এ অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন ড. মো: হুমায়ুন কবীর, বিভাগীয় কমিশনার, রাজশাহী।

০২। উক্ত সভায় যথাসময়ে সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ID	Password
826 6363 6912	947550

১২-১২-২০২১

অভিজিত সরকার

সহকারী কমিশনার

ফ্যাক্স: ০৭২১-৭৭২৫২৯

ইমেইল:

divcomrajshahi@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) উপমহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী (একজন উপযুক্ত প্রতিনিধি সংযুক্ত করার অনুরোধসহ)
- ২) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৪) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

- ৫) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/টাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
- ৬) উপ-পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৭) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৮) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
- ৯) উপজেলা পরিষদ চেয়ারম্যান, কামারখন্দ, সিরাজগঞ্জ
- ১০) মেয়র, নাটোর সদর পৌরসভা, নাটোর
- ১১) যুগ্ম পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, রাজশাহী
- ১২) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ১৩) উপপরিচালক, পিএসসি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী
- ১৪) উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী
- ১৫) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পুঠিয়া, রাজশাহী
- ১৬) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবগঞ্জ, টাঁপাইনবাবগঞ্জ
- ১৭) সহকারী কমিশনার (ভূমি), নাটোর সদর, নাটোর
- ১৮) সহকারী কমিশনার (ভূমি), পাবনা সদর, পাবনা
- ১৯) বীর মুক্তিযোদ্ধা ড. আব্দুল মান্নান, রাজশাহী
- ২০) জনাব মোঃ মনিরুল হক, এরিয়া কো-অর্ডিনেটর-সিই, টিআইবি, রাজশাহী
- ২১) সম্পাদক, দৈনিক সোনার দেশ, রাজশাহী
- ২২) চেয়ারম্যান, আদমদীঘি ইউনিয়ন পরিষদ, আদমদীঘি, বগুড়া
- ২৩) এ্যাডভোকেট আব্দুস সাত্তার, মহিষবাথান, রাজশাহী
- ২৪) এ্যাডভোকেট বিনয় কুমার মন্ডল, রাজশাহী
- ২৫) ম্যানেজার, ব্র্যাক, রাজশাহী
- ২৬) ম্যানেজার, ইউসেফ, রাজশাহী
- ২৭) ম্যানেজার, কারিতাস, রাজশাহী

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে আয়োজিত সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মো: হুমায়ুন কবীর বিভাগীয় কমিশনার
সভার তারিখ	১৪/১২/২০২১ খ্রি.
সভার সময়	বেলা ২.৩০ টা
স্থান	ভার্চুয়াল প্ল্যাটফর্ম (জুম) এ অনুষ্ঠিত
উপস্থিতি	...

সভাপতি সভার শুরুতে ভার্চুয়াল প্ল্যাটফর্ম (জুম)-এ সংযুক্ত এবং সম্মেলন কক্ষে উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকলকে জানান যে, এ কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২২) এর সংযোজনী-৪ এ উল্লিখিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর ১.৩ সূচক অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ত্রৈমাসিক সভা আহবানের বিধান রয়েছে। সভাপতি এ কার্যালয় এবং আওতাধীন জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে প্রদত্ত সেবাসমূহ সুশাসন প্রতিষ্ঠায় কতটা কার্যকর ভূমিকা রাখছে এবং এক্ষেত্রে কি ধরনের প্রতিবন্ধকতা পরিলক্ষিত হচ্ছে সে বিষয়ে ভার্চুয়াল প্ল্যাটফর্ম (জুম)-এ সংযুক্ত এবং সম্মেলন কক্ষে উপস্থিত সকলকে সুচিন্তিত মতামত তুলে ধরার জন্য অনুরোধ করেন।

০২। জেলা প্রশাসক, নওগাঁ বলেন যে, প্রতিশ্রুতি অনুযায়ী জেলা প্রশাসনের পক্ষ থেকে সকল সেবা প্রদান করা হচ্ছে এবং অধিকাংশ সেবাই অনলাইনে প্রদান করা হচ্ছে। সেবা প্রদানে ICT ব্যবহারের ফলে দুর্নীতির মাত্রা অনেকাংশেই কমে আসছে। এটি সুশাসন প্রতিষ্ঠায় বড় ভূমিকা রাখছে বলে তিনি মতামত ব্যক্ত করেন। তিনি আরও উল্লেখ করেন যে, দাপ্তরিক সকল কাজে সুশাসন প্রতিষ্ঠার জন্য সকল সেবা প্রদানের সংগে একজন অফিসারকে ট্যাগ করা হয়, যাতে সেবার মান বৃদ্ধি পায় এবং হয়রানি হ্রাস পায়। বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী থেকে প্রাপ্ত বিভিন্ন সেবার বিষয়ে তিনি উল্লেখ করেন যে, পাসপোর্টের এনওসি, GPF ফান্ডের অর্থ উত্তোলন ও ছুটিসহ সকল আবেদনের বিষয়ে অত্যন্ত দ্রুততার সাথে কার্যক্রম গৃহীত হওয়ায় তিনি সন্তুষ্ট প্রকাশ করেন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৩। উপ-মহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ এর প্রতিনিধি বলেন যে, সেবার মান বৃদ্ধির জন্য তারা কাজ করে যাচ্ছেন। প্রতিটি থানায় General Diary (GD) লেখার জন্য স্পেশাল ট্রেনিং দিয়ে পুলিশ কন্সটেবলদের দায়িত্ব প্রদান করা হয়েছে। ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস ৯৯৯ থেকে প্রাপ্ত অভিযোগ সমূহ দ্রুত সমাধানের জন্য ডেডিকেটেড গাড়ির ব্যবস্থা করা হয়েছে। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য প্রাপ্তিতে সহায়তা করা হচ্ছে।

০৪। জেলা সমন্বয়ক, ব্রাক, রাজশাহী জানান যে, সরকারি দপ্তরসমূহের ন্যায় ব্রাকেরও সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ বাক্স আছে। সে অনুযায়ী সেবা প্রদান প্রত্যাশীদের সেবা প্রদান করা হচ্ছে। সুশাসন প্রতিষ্ঠায় ব্র্যাক প্রতিনিয়ত কাজ করে চলেছে। বিভাগীয় কমিশনারের কার্যালয়সহ এ বিভাগের সকল জেলা প্রশাসকের কার্যালয় থেকে সেবা পেতে কোন সমস্যার সম্মুখীন হতে হয়না। এজন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

০৫। অতিরিক্ত পরিচালক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বলেন যে, সুশাসন প্রতিষ্ঠায় তার দপ্তরের পক্ষ থেকে ফ্রি কাউন্সেলিং, মাদকসেবীদের চিকিৎসার সুব্যবস্থা করাসহ বিভিন্নভাবে সহায়তা করা হচ্ছে। বিভাগীয় কমিশনারের কার্যালয় বা জেলা প্রশাসকের কার্যালয় থেকে চাহিত সেবা সময়মত পাচ্ছেন বলে তিনি উল্লেখ করেন। তিনি আরও বলেন যে, সরকার জনগণকে সহায়তা করার জন্য বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। কিন্তু সরকারি এ উদ্যোগ গুলোর প্রচার না থাকাই তা

ফলপ্রসু ও জনবান্ধব হচ্ছে না। এজন্য তিনি প্রচারণার উপর গুরুত্বারোপ করেন।

০৬। সম্পাদক, দৈনিক সোনার দেশ বলেন যে, সরকারি সেবা সম্পর্কে জনগণের মতামত সংগ্রহ করা যেতে পারে। জনপ্রতিনিধিদের সুশাসন প্রতিষ্ঠায় আরও **Sensitize** করতে হবে। জনসাধারণ কতৃক সরকারি সেবার মূল্যায়ন করা হলে সুশাসন আরও নিশ্চিত করা সম্ভব হবে বলে তিনি মত প্রকাশ করেন।

০৭। ড. মো: হুমায়ুন কবীর, বিভাগীয় কমিশনার, রাজশাহী বলেন যে, অংশীজনদের নিয়ে এ ধরনের সভা আয়োজনের মূল উদ্দেশ্য হচ্ছে এ কার্যালয় এবং আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয় বা উপজেলা নির্বাহী অফিসারবৃন্দের কার্যালয়সমূহ হতে যে সেবা জনগণকে দেওয়া হচ্ছে সে সম্পর্কে মতামত বা সুপারিশ গ্রহণ করা। প্রদত্ত সেবার মান উন্নয়নে এ ধরনের সভা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন। এছাড়া কার্যকর গণশুনানী আয়োজনের মাধ্যমে সরকারি সেবাকে আরও জনবান্ধব করা যায়। অর্পিত দায়িত্ব পালনে আরও বেশি আন্তরিক হওয়ার জন্য তিনি সকলের প্রতি অনুরোধ করেন। তিনি আশা প্রকাশ করেন দায়িত্বরত কর্মকর্তাদের আন্তরিকতা ঠিক থাকলে এ কার্যালয় এবং আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহ হতে সেবা গ্রহীতাদের যে সকল সেবা প্রদান করা হয় তা আরও মানসম্মত ও জনবান্ধব হবে।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে সরকারের গৃহীত পদক্ষেপগুলো জনগণের মাঝে আরও প্রচার করতে হবে এবং বিভিন্ন সভা/সেমিনারে এ বিষয়ে আলোচনা করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
০২.	সেবার মান উন্নয়নে ও দ্রুত সেবা প্রদানে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
০৩.	সকল দপ্তরকে সেবার তালিকা, কর্মপদ্ধতি, সেবা প্রাপ্তির ফিস (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি সর্বদা হালনাগাদ রাখতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শন ও দৃশ্যমান স্থানে টাঙ্গানোর ব্যবস্থা করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
০৪.	এ কার্যালয়ের আওতাধীন সকল দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ করতে হবে।	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি)
০৫.	সরকারি সেবা সম্পর্কে জনগণের মতামত এবং জনভোগান্তি হ্রাসে নিয়মিত গণশুনানী করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ

পরিশেষে দাপ্তরিক দায়িত্ব পালনে শুদ্ধাচার চর্চার উপর গুরুত্বারোপ করে এবং প্রদত্ত সেবার মান ক্রমাগত বৃদ্ধির অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. মো: হুমায়ুন কবীর
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২১.১৬৭৮


তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৮

১৫ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) উপমহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
- ৪) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজশ্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৫) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

- ৬) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, উন্নয়ন, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৭) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/টাঙ্গাইল/বাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
- ৮) উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ
- ৯) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল
- ১০) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
- ১১) উপজেলা পরিষদ চেয়ারম্যান, কামারখন্দ, সিরাজগঞ্জ
- ১২) মেয়র, নাটোর সদর পৌরসভা, নাটোর
- ১৩) যুগ্ম পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী
- ১৪) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ১৫) উপপ্রধান তথ্য কমিশনার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী
- ১৬) উপজেলা নির্বাহী অফিসার পুঠিয়া, রাজশাহী
- ১৭) উপজেলা নির্বাহী অফিসার শিবগঞ্জ, টাঙ্গাইল/বাবগঞ্জ
- ১৮) সহকারী কমিশনার (ভূমি), নাটোর সদর, নাটোর
- ১৯) সহকারী কমিশনার (ভূমি), পাবনা সদর, পাবনা
- ২০) বীর মুক্তিযোদ্ধা ড. আব্দুল মান্নান, রাজশাহী
- ২১) এরিয়া কো-অর্ডিনেটর-সিই, টিআইবি, রাজশাহী
- ২২) সম্পাদক, দৈনিক সোনার দেশ, রাজশাহী
- ২৩) চেয়ারম্যান, আদমদীঘি ইউনিয়ন পরিষদ, আদমদীঘি, বগুড়া
- ২৪) অ্যাডভোকেট আব্দুস সাত্তার, মহিষ বাথান, রাজশাহী
- ২৫) অ্যাডভোকেট বিনয় কুমার মন্ডল, রাজশাহী
- ২৬) ম্যানেজার, ব্র্যাক, রাজশাহী
- ২৭) ম্যানেজার, ইউসেফ, রাজশাহী
- ২৮) ম্যানেজার, কারিতাস, রাজশাহী



অভিজিত সরকার
সহকারী কমিশনার



--সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ভার্চুয়াল প্ল্যাটফর্ম(জুম)-এ অনুষ্ঠিত ত্রৈমাসিক সভা।